# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ ইমামতি এবং মুক্তাদি সম্পর্কিত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মসবূকের ইক্তিদা

যদি কোন নামাযী মসজিদে এসে দেখে যে জামআত শেষ হয়ে গেছে, কিন্তু কিছু মসবূক (যাদের কিছু নামায ছুটে গেছে তারা) উঠে একাকী নামায পূর্ণ করছে, তাহলে জামাআতের সওয়াব লাভের আশায় ঐ নামাযীর কোন এক মসবূকের ডাইনে দাঁড়িয়ে তার ইক্তিদা করে নামায পড়া বৈধ। (ফাতাওয়া ইসলামিয়্যাহ্‌, সঊদী উলামা-কমিটি ১/২৬৬)

কিন্তু শায়খ ইবনে উষাইমীন (রহঃ) বলেন, এর যেহেতু সঠিক প্রমাণ নেই এবং অনেকে এরূপ শুদ্ধ নয় বলেছেন, সেহেতু তা না করাই উত্তম। আর মহানবী (ﷺ) বলেন, “যে বিষয়ে সন্দেহ্‌ আছে সে বিষয় বর্জন করে তাই কর যাতে সন্দেহ্‌ নেই।” (তিরমিযী, সুনান ২৫১৮, জামে ৩৩৭৮নং) “সুতরাং যে সন্দিহান বিষয়াবলী থেকে দূরে থাকবে, সে তার দ্বীন ও ইজ্জতকে বাঁচিয়ে নেবে।” (বুখারী ৫২, মুসলিম, সহীহ ১৫৯৯নং) বলা বাহুল্য, অনেকে তা জায়েয বললেও না করাটাই উত্তম। (ফাতাওয়া ইবনে উষাইমীন ১/৩৭১, লিকাউবাবিল মাফতূহ্‌, ইবনে উষাইমীন ৫৩-৫৪পৃ:)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন